

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১০৪.২৫.৩৭১

বিষয়: এস কে এস এ্যাপারেলস লিঃ নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-৬১৬, তারিখ: ১৫/০৭/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এস কে এস এ্যাপারেলস লিঃ, অফিসঃ এস কে এস টাওয়ার (৬ষ্ঠ তলা), ডিআইপি রোড, ক্যান্টনমেন্ট, ঢাকা ও কারখানাঃ ৩১৩/(বর্তমান ৯/৩), হোন্ডা রোড, টঞ্জী, গাজীপুর নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা:- আরএমজি/ইএক্সপি/০০০১৩৬১-২৫, তারিখঃ ১৮/০৫/২০২৫ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: “তৈরি পোশাক (নীট ও ওভেন)। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশপত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে বর্ণিত কারখানার অনুকূলে নিম্নোক্ত ছক মোতাবেক ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

শিল্প উপখাত	এইচ এস কোড নম্বর	যান্মাসিক আমদানি স্ৰত্ব	বার্ষিক আমদানি স্ৰত্ব
“তৈরি পোশাক (নীট ও ওভেন)”	তালিকা সংযুক্তি	২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র।	৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা মাত্র।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে এস কে এস এ্যাপারেলস লিঃ নামক বস্ত্র শিল্প কারখানাটি ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) শিল্প প্রতিষ্ঠান হওয়ায় প্রতিষ্ঠানটির অনুকূলে ৫ম শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



২৪-০৭-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১০৪.২৫.৩৭১/১ (৬)

৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, এস কে এস এ্যাপারেলস লিঃ, অফিসঃ এস কে এস টাওয়ার (৬ষ্ঠ তলা), ভিআইপি রোড, ক্যান্টনমেন্ট, ঢাকা ও কারখানাঃ ৩১৩/(বর্তমান ৯/৩), হোন্ডা রোড, টঙ্গী, গাজীপুর।
- ৪। উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর। (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৬। ব্যক্তিগত সহকারি, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর।
- ৭। পিএ কাম সাঁট লিপিকার, পরিচালক (শিক্ষা) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর।



২৪-০৭-২০২৫

মৃদুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)